

# যুগান্তর

প্রিন্ট: ২৬ এপ্রিল ২০২৬, ০১:৫৮ পিএম

শিক্ষাঙ্গন

## এমপিওভুক্ত শিক্ষকদের বদলি নিয়ে বড় সুখবর



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৫ এপ্রিল ২০২৬, ০৭:০৮ পিএম



# এমপিও

ফাইল ছবি

এমপিওভুক্ত শিক্ষকদের বদলি নিয়ে সুখবর দিলেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনাম আহম্মেদ হক মিলন। তিনি বলেছেন, এমপিওভুক্ত শিক্ষকদের বদলি নীতিমালা হতে যাচ্ছে। সফটওয়্যারও হচ্ছে। এটা হলে মূলত যারা এনটিআরসিএর মাধ্যমে নিয়োগ সুপারিশ পাচ্ছেন, তারা নিজ জেলায় যাওয়ার সুযোগ পাবেন।

শনিবার (২৫ এপ্রিল) শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে ‘সফটওয়্যারের মাধ্যমে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল, কলেজ) কর্মরত এমপিওভুক্ত শিক্ষক, কর্মচারী বদলি নীতিমালা-২০২৬’ সংক্রান্ত আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

এ সময় প্রধানমন্ত্রীর শিক্ষাবিষয়ক উপদেষ্টা মাহদী আমিন, অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজলসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, যারা প্রধান শিক্ষক রয়েছেন তাদেরও বদলি করা সম্ভব হবে। সফটওয়্যার অন প্রসেস আছে ও আলোচনা লেভেলে আছে। আমরা চিন্তা-ভাবনা করছি, এটার সম্ভাব্যতা, তারপর যাচাই-বাছাই করে পরবর্তী ধাপে যাওয়া যাবে। এটা এখন প্রি-ম্যাচিউর স্টেজে আছে।

মন্ত্রী বলেন, ধরুন, জরুরি একটি এলাকায় একটি হেড মাস্টারের পদ খালি হয়েছে, ইচ্ছে করলে সেখানে একজন বদলি হতে পারেন। আমরাও করতে পারি। কর্মচারী থেকে শিক্ষক সবাইকেই এক নীতিমালার আওতায় আনা হচ্ছে। এ জন্য একটি সফটওয়্যার ডেভেলপ হচ্ছে।